

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর প্রশাসন শাখা



জরুরি

www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০২.২১.৯৪৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিষয্: **ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদান উপলক্ষে জেলা পর্যায়ের করণী**য়।

সূত্র: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১-৪৪৭; ২৭ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটেগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১' প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদনপত্র আহ্বান করা হয়। তদ্প্রেক্ষিতে জেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদানের লক্ষ্যে প্রাপ্ত মনোনয়ন/আবেদনপত্র যাচাই-বাছাই, মূল্যায়ন ও প্রেরণ বিষয়ক নির্দেশনা নিয়ে দেয়া হলো:

- (ক)প্রাপ্ত মনোনয়ন/আবেদনপত্র সমূহ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' এর অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রাথমিক যাচাই-বাছাই ১৬/০৯/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে [উদাহরণ হিসেবে (ক) গ্রহণযোগ্যঃ * মনোনয়ন ছক অনুযায়ী আবেদন দাখিল করা হয়েছে; * মনোনয়ন ছকের সকল গুরুত্বপূর্ণ তথ্য সঠিকভানে পূরণ করা হয়েছে; * নমুনা অনুযায়ী যথাযথ প্রমাণপত্র সংযুক্ত করা হয়েছে; উদ্ভাবনী উদ্যোগ/ধারণা; এবং * অন্যান্য (খ) বাতিলযোগ্য: * মনোনয়ন/আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ; * মনোনয়ন/আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ; * মনোনয়ন/আবেদনপত্রের তথ্য অসত্য; * মনোনয়ন/আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বনই; এবং * অন্যান্য];
- (খ) প্রাথমিক যাচাই-বাছাই অন্তে গ্রহণযোগ্য আবেদনসমূহ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' এর সংযোজনী-ঙ, চ ও ছ অনুযায়ী অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। মূল্যায়ন কার্যক্রম আগামী ২০/০৯/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে:
- (গ) জেলা বাছাই কমিটি সাধারণ ও কারিগরি পৃথক ২টি ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে আলাদাভাবে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ তিনটি শ্রেণিতে ১টি করে মোট ১২টি প্রস্তাব বাছাইয়ের স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করে সুপারিশসহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট আগামী ২১/০৯/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। এখানে উল্লেখ্য যে, প্রাথমিক যাচাই-বাছাই অন্তে গ্রহণযোগ্য মানসম্পন্ধ মনোনয়ন/আবেদনপত্র সমূহ বিধি মোতাবেক মূল্যায়ন শেষে কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করবে;
- (ঘ) কোনো শ্রেণিতে কাজ্ঞ্ফিত মানসম্পন্ন কোনো প্রস্তাব পাওয়া না গেলে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান বিবেচনা হবে না; এবং
- (৩) প্রাপ্ত সকল মনোনয়ন/আবেদনপত্র ও বাছাই কমিটি সভার কার্যবিবরণীর হার্ডকপির পাশাপাশি সফটকপি word ও pdf ফরম্যাটে ই-মেইল (dbd2021@doict.gov.bd)-এ প্রেরণ করতে হবে।
- ০২। এমতাবস্থায়, জেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদানের লক্ষ্যে প্রাপ্ত মনোনয়ন/আবেদনপত্র যাচাই-বাছাই, মৃল্যায়ন ও প্রেরণ বিষয়ক উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

১৪-৯-২০২১

ড. খন্দকার আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও সদস্য-সচিব কেন্দ্রীয় বাছাই কমিটি, ডিজিটাল

বিতরণ:

১) জেলা প্রশাসক ও সভাপতি জেলা পর্যায়ের বাছাই

কমিটি (সকল)

২) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয় (সকল)

বাংলাদেশ পুরস্কার ২০২১

ফোন: ০২-৪১০২৪০২২

ইমেইল:

khandoker azizul @ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০২.২১.৯৪৫/১(৩)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) অফিস কপি

W

১৪-৯-২০২১

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)